৳
# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. Sylhetboard.gov.bd,sylschoolsection.@gmail.com

স্মারক নং : সিসিবো/বিদ্যা/মাধ্য/রেজিঃ/নবম/ ৩২০৪

তারিখ- ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
১৮ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নবম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (online) রেজিস্ট্রেশন ও ফি জমাদান প্রসঙ্গে।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম বর্ণিত সময়সূচি অনুযায়ী সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

## নির্দেশাবলীঃ

১. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ওয়েব সাইটে e-SIF লিংকে Log in করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে;

২. রেজিস্ট্রেশনের জন্য বিগত বছরের এস. এস. সি. ফরম পূরণের জন্য প্রযোজ্য log in password ব্যবহার করতে হবে;

৩. শিক্ষার্থীদের ছবি Upload করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে একজনের ছবির পরিবর্তে অন্যজনের ছবি Upload না হয়;

**৪. রেজিস্ট্রেশন কার্যে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, শিক্ষার্থীদের গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) এবং বিষয় সম্পর্কে অবগত করাবেন। এরপর সংশ্লিষ্ট বিভাগ/গ্রুপে ( মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) রেজিস্ট্রেশন করার জন্য শিক্ষার্থীরা প্রধান শিক্ষকের বরাবর লিখিত আবেদন করবে। উক্ত আবেদনে উল্লেখিত গ্রুপ/ বিভাগ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত শিক্ষক সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।**

**উল্লেখ্য, শিক্ষার্থীদের ৮ম শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলাফল বিবেচনা করে গ্রুপ বিভাজন করা যেতে পারে।**

৫. রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি এর টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় "সোনালী সেবার"মাধ্যমে জমা দিতে হবে;

৬. **যেহেতু বিলম্ব ফি দিয়ে অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ নেই তাই নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

| | | |
|---|---|---|
| ৭. **অনলাইনে রেজিস্ট্রেশন শুরুর তারিখ** | : | **২০/১১/২০২৪ খ্রি.** |
| **শেষ তারিখ** | : | **১৮/১২/২০২৪ খ্রি.** |
| ৮. **ব্যাংকে টাকা জমাদানের তারিখ** | : | **১৯/১২/২০২৪ তারিখের মধ্যে** |
| ৯. **নিশ্চায়নের (Finalization) তারিখ** | : | **২৪/১২/২০২৪ খ্রি.** |

১০. ই.আই.এস.এফ. প্রিন্ট কপি বোর্ডে জমাদানের তারিখ:

| | |
|---|---|
| **সিলেট --------------------- ২৬/১২/২০২৪ খ্রি,** | **হবিগঞ্জ ---------------- ২৯/১২/২০২৪খ্রি.** |
| **মৌলভীবাজার ---------- ৩০/১২/২০২৪ খ্রি.** | **সুনামগঞ্জ -------------- ৩১/১২/২০২৪ খ্রি.** |

**ই.এস.আই.এফ -র সাথে সর্বশেষ স্বীকৃতি/নবায়নের কপি এবং কমিটি অনুমোদনের কপি জমা দিতে হবে।**